আজকের কাগজ

তারিখ ... 31 OCT 1992 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

41

# রাজবাড়ীতে স্কুল-কলেজের ছাত্রীরা বখাটেদের হাতে জিম্মি

রাজবাড়ি জেলার একশ্রেণীর উচ্ছৃংখল এবং বখাটে যুবকদের দ্বারা স্কুল-কলেজের মেয়েরা প্রতিনিয়ত হয়রানির শিকার হচ্ছে।

রাজবাড়ী শহরে বখাটে ছেলেরা স্কুল ও কলেজগামী মেয়েদের প্রতি অশোভন উক্তি ও উত্যক্ত করে বিষয়টি স্কুল-কলেজে যাওয়া এবং আসার সময় সদ্য গজিয়ে ওঠা এবং অননুমোদিতভাবে গড়ে তোলা বিভিন্ন চা ষ্টল ও পান-বিড়ির দোকানে এই সমস্ত বখাটে যুবকদের আনাগোনা দেখা যায়। রাজবাড়ী আনসার ক্যাম্প, সদর হাসপাতাল গেট ও বটতলা চৌরাস্তার মোড়ে অবস্থিত চায়ের ষ্টলে বখাটেদের আনাগোনা দেখা যায় রাজবাড়ী আনসার ক্যাম্প সদর হাসপাতার গেট ও টতলা চৌরাস্তার মোড়ে অবস্থিত চায়ের টেবিলে বখাটেদের আনাগোনা দো যায়। তুলনামূলকভাবে বেশি। এমনকি বালিকা বিদ্যালয়গুলোর প্রবেশ দ্বারেও এদের পদচারণা রয়েছে। রাজবাড়ী শেরে বাংলা উচ্চ বালিকা বিদ্যালয়ের আশেপাশে বখাটে মুক্ত করার জন্যে পুলিশ মোতায়েন করা হলেও এখন আর সে ব্যবস্থা নেই। ফলে বখাটেদের পদচারণা পুরোদমে চলছে। এছাড়া সরকারি উচ্চ বালিকা বিদ্যালয় এলাকায় ও বখাটে যুবকদের আনাগোনা লক্ষ্য করা যাচ্ছে। ফলে অভিভাবকমহল উদ্বিগ্ন। এছাড়া মেয়েদেরকে বিদ্যালয়ে পাঠিয়েও অভিভাবকরা দুশ্চিন্তায় ভুগছেন।

অভিজ্ঞমহল মনে করেন, স্কুল-কলেজে যাওয়ার সময় এবং ছুটির পরে বিশেষ বিশেষ এলাকাগুলোতে পুলিশ পেট্রোল পার্টি নিয়োজিত করলে এ অবস্থার পরিবর্তন হবে। রাজবাড়ী থেকে খান মোঃ জহুরুল হক।